



# মীনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০০৮

গণমাধ্যমে শিশুদের জন্য প্রকাশিত ও প্রচারিত ভাল লেখা এবং অনুষ্ঠান তৈরী উৎসাহিত করতে ২০০৫ থেকে ইউনিসেফ 'মীনা মিডিয়া এ্যাওয়ার্ড' (মীনা গণমাধ্যম পুরস্কার) শুরু করে। এবার ইউনিসেফ-বাংলাদেশ মীনা মিডিয়া এ্যাওয়ার্ড ২০০৮-এ অংশগ্রহণের আহ্বান জানানো হচ্ছে। শিশুদের নিয়ে এবং শিশুদের জন্য বিনোদনমূলক বা জীবনধর্মী প্রকাশনা ও অনুষ্ঠান এই প্রতিযোগিতায় অংশ অংশ নিতে পারবে। বাংলাদেশের গণমাধ্যমে প্রকাশিত লেখা বা তৈরী ও প্রচারিত অনুষ্ঠান মীনা মিডিয়া এ্যাওয়ার্ড প্রতিযোগিতায় অংশ নিতে পারবে।

- (ক) তরুণ - অনূর্ধ্ব ১৮, এবং খ) ১৮ বছরের উর্ধ্ব - এই দুই বয়ঃসীমার বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে নিচে বর্ণিত বিভাগগুলোতে কাজ জমা দেয়ার আহ্বান জানানো হচ্ছে:
  - ১) সংবাদপত্র/সাময়িকীতে প্রকাশিত সংবাদভিত্তিক লেখা (সংবাদ প্রতিবেদন, নিবন্ধ, উপসম্পাদকীয়)
  - ২) সংবাদপত্র/সাময়িকীতে প্রকাশিত সৃজনশীল লেখা (গল্প, কবিতা, নাটক)
  - ৩) টেলিভিশনে প্রচারিত সংবাদভিত্তিক অনুষ্ঠান (সংবাদ প্রতিবেদন, ফিচার, তথ্যচিত্র)
  - ৪) টেলিভিশনে প্রচারিত সৃজনশীল অনুষ্ঠান (সংবাদ ব্যতীত অন্যান্য অনুষ্ঠান: স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, নাটক, সঙ্গীত ও সাংস্কৃতিক অনুষ্ঠান, স্পট ইত্যাদি)
- গণমাধ্যমে প্রকাশিত/প্রচারিত সংবাদভিত্তিক কাজ এবং সৃজনশীল কাজ উভয়ই জমা দেয়া যাবে। তবে বইয়ে প্রকাশিত কাজ এই পুরস্কারের অন্তর্ভুক্ত নয়। ১ জুন ২০০৭ থেকে ৩০ জুন ২০০৮ সময়ের মধ্যে বাংলাদেশে গণমাধ্যমে প্রচারিত/প্রকাশিত শিশুদের জন্য লেখা/তৈরী বাংলা ও ইংরেজি - দুই ভাষার কাজ পুরস্কারের জন্য বিবেচিত হবে।
- প্রকাশিত লেখা ন্যূনতম ৩০০ শব্দের এবং প্রচারিত অনুষ্ঠান ন্যূনতম ১ মিনিটের হতে হবে।
- প্রচারিত কাজের দুই কপি ডিভিডিতে এবং প্রকাশিত লেখা সংবাদপত্র/সাময়িকী মূল কপিসহ দুই কপি জমা দিতে হবে।
- জমাকৃত লেখা বা ভিডিও'র সাথে সংযুক্ত থাকতে হবে একটি চিঠি। যাতে থাকতে হবে পুরো নাম, বয়স, যোগাযোগের ঠিকানা ও ফোন নম্বর। জমাকৃত লেখা বা ভিডিও'র ধরণ এবং বিষয়বস্তুর ওপর অনধিক দুই অনুচ্ছেদের একটি সারমর্মও এতে অন্তর্ভুক্ত থাকতে হবে।
- বিশিষ্ট এক বিচারকমন্ডলি প্রতিটি জমাকৃত লেখা ও ভিডিও এককভাবে বিবেচনা করবেন। পরিশেষে বিচারকমন্ডলির সম্মিলিত বিবেচনার ভিত্তিতে পুরস্কার বিজয়ী নির্ধারণ করা হবে।
- ২০ সেপ্টেম্বর ২০০৭-এর মধ্যে শুধুমাত্র বিজয়ীদের সঙ্গে যোগাযোগ করা হবে এবং পুরস্কার প্রদান অনুষ্ঠানে তাঁদের আমন্ত্রণ জানানো হবে।
- সকল বিভাগে পর্যাপ্ত সংখ্যা ও মানের লেখা/অনুষ্ঠান জমা পড়া সাপেক্ষে উভয় বয়ঃসীমায় এবং সকল বিভাগে পুরস্কার প্রদান করা হবে:
  - - প্রথম পুরস্কার বিজয়ী পাবেন ক্রেস্ট, সনদ এবং নগদ ৫০,০০০ টাকা
  - - দ্বিতীয় পুরস্কার বিজয়ী পাবেন ক্রেস্ট, সনদ এবং নগদ ২৫,০০০ টাকা
  - - তৃতীয় পুরস্কার বিজয়ী পাবেন ক্রেস্ট, সনদ এবং নগদ ১৫,০০০ টাকা
- প্রকক ব্যক্তি, গোষ্ঠী বা সংস্থা পাঁচটি পর্যন্ত লেখা বা ভিডিও জমা দিতে পারবেন তবে কেবলমাত্র একটি পুরস্কারের জন্য বিবেচিত হবেন।
- ইউনিসেফ স্টাফ বা তাদের পরিবারবর্গ এই প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন না। ইউনিসেফের সহযোগিতায় পরিচালিত প্রকল্পের সদস্যরা অংশ নিলে তা পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে। সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিসেফ স্টাফ বিচারকমন্ডলিতে অংশ নেয়া থেকে বিরত থাকবেন।
- প্রতিযোগিতায় যথেষ্ট জমা না পড়ার ফলে কিংবা অন্য কোন বিশেষ কারণে কোন বিভাগ বা সম্পূর্ণ প্রতিযোগিতা বাতিল করে দেবার পূর্ণ অধিকার ইউনিসেফ সংরক্ষণ করে।
- সুপারিশের চেষ্টা, নকল প্রবনতা অথবা যে কোন অসাধু উপায় অবলম্বন করা হয়েছে প্রমাণিত হলে প্রতিযোগিতায় অংশগ্রহণের যোগ্যতা হারাতে হবে। পুরস্কার প্রদানের পর অসততা প্রমাণিত হলে পুরস্কার বাতিল করা হবে।
- বাংলাদেশের প্রান্তিক ও দুর্গম এলাকায় বসবাসকারী সুবিধাবঞ্চিত শিশু, কিশোর ও তরুণ বয়সীরা অংশগ্রহণ করলে তাদের বিশেষ বিবেচনায় আনা হবে।

জমা দেয়ার শেষ তারিখ ৩১ জুলাই ২০০৮, ঠিকানা:

মীনা মিডিয়া এ্যাওয়ার্ড

কমিউনিকেশন ও ইনফরমেশন সেকশন, ইউনিসেফ বাংলাদেশ

বিএসএল অফিস কমপ্লেক্স, ১ মিন্টো রোড, ঢাকা ১০০০